পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ফোন ঃ ০৫১-৫১০০১/৭৮৬০২
ফ্যাক্স ঃ ০৫১-৭৮৬১৫

মোহাম্মদ মুনসুর রহমান, *পিএইচডি*
পরিচালক (সামাজিক বিজ্ঞান) ও
কোর্স পরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের
বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
ইমেল ঃ mdmunsur@hotmail.com
মোবাইল ঃ ০১৭১৩৩৬৩৬৯১

তারিখঃ ০৪/০৪/২০১৯

সুপ্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ,

আস্সালামু আলাইকুম।

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া'য় আগামী ১৫ এপ্রিল, ২০১৯ হতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের ০২ (দুই) মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে মনোনীত হওয়ায় আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

২.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নবীন কর্মকর্তাগণকে সময়োপযোগী করে গড়ে তোলাই বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য। আশা করছি, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ ও সফল সমাপন আপনাকে একজন নিবেদিত সরকারী কর্মকর্তা হিসেবে গড়ে তুলতে বিশেষভাবে সহায়তা করবে।

৩.০ আপনি জেনে আনন্দিত হবেন যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, ইতিহাস ও ঐতিহ্য, মনোভাব পরিবর্তন, উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনার বিবর্তন, কলাকৌশল এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়সমূহ এ কোর্সে অন্তর্ভূক্ত রয়েছে। দক্ষতা বৃদ্ধির প্রয়াসে এর সাথে আরো যুক্ত থাকবে বিশেষ বিশেষ ব্যবহারিক কার্যক্রম।

৪.০ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কৃষক পর্যায় থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের সরকারী ও বেসরকারী কর্মকর্তাগণের প্রশিক্ষণ প্রদানের একটি অনন্য জাতীয় প্রতিষ্ঠান। নবীন কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ একাডেমীর নিয়মিত প্রশিক্ষণ কোর্সের অন্যতম। এ কোর্সের প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের পাশাপাশি শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানে আপনাকে সব সময় প্রস্তুত থাকতে হবে। প্রশিক্ষণার্থীগণের সামগ্রিক মূল্যায়নের ক্ষেত্রেও এটি একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি। তাছাড়া শৃঙ্খলা পরিপন্থি যে কোন আচরণের জন্য কোন প্রশিক্ষণার্থীকে তাৎক্ষণিকভাবে কোর্স হতে অব্যাহতি প্রদানের বিধান রয়েছে।

৫.০ সফলভাবে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তির জন্য নিচের কয়েকটি বিষয়ে আপনার মনোযোগ আকর্ষণ করছি।

৫.১ এ কোর্সে অংশগ্রহণের জন্য ১৪ এপ্রিল, ২০১৯ তারিখ সন্ধ্যা ০৬ঃ০০টার মধ্যে আরডিএ'তে আপনার উপস্থিতি নিশ্চিত করতে হবে। আরডিএ'র ক্যাফেটেরিয়ায় ঐ দিন আপনার জন্য রাতের খাবারের ব্যবস্থা থাকবে। একই দিন **সন্ধ্যা ৭ঃ৩০ মিনিটে সম্মেলন কক্ষ-০৫ (অনুষদ ভবন- ০২ এর দ্বিতীয় তলা)** এ কোর্স পরিচিতি অধিবেশন অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীগণকে অবশ্যই পরিচিতি অধিবেশনে ফরমাল পোশাকে অংশগ্রহণ করতে হবে।

৫.২ আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং প্রশিক্ষণ চলাকালে আরডিএ'র ডরমিটরিতে প্রশিক্ষণার্থীগণের অবস্থান বাধ্যতামূলক। এ কোর্সের মাধ্যমে আপনি সতীর্থ প্রশিক্ষণার্থীগণের সাথে অভিজ্ঞতা বিনিময়, সম্প্রীতির সেতুবন্ধন তৈরি, শরীরচর্চা ও খেলাধূলা কার্যক্রম, সান্ধ্যকালীন অধিবেশন এবং দলীয় আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবেন। আশা করি কোর্সে যোগদানের পূর্বেই এসব বিষয়ে আপনার যথোপযুক্ত শারীরিক ও মানসিক প্রস্তুতি থাকবে।

৫.৩ ডরমিটরির কক্ষে খাট, তোশক, কম্বল/লেপ, বেডশিট, বালিশ, মশারি ইত্যাদি থাকবে। তবে ব্যক্তিগত ব্যবহার্যে প্রয়োজনীয় সামগ্রী আপনাকে সাথে আনতে হবে।

৫.৩.১ কোর্সের শুরুতে পুরুষ প্রশিক্ষণার্থীগণের হালকা রং এর ফুল স্লিভ শার্ট, গাঢ় রং এর ফুলপ্যান্ট ও আরডিএ'র নির্ধারিত টাই এবং নারী প্রশিক্ষণার্থীগণের মার্জিত শাড়ি/সালোয়ার-কামিজ পরিধান করে প্রশিক্ষণসহ সকল আনুষ্ঠানিক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে। কোন বিশেষ কারণে টাই পরতে অসুবিধা বোধ করবেন এমন পুরুষ প্রশিক্ষণার্থীগণ শেরওয়ানী পরিধান করতে পারবেন। কোর্সে যোগদানের পর নির্ধারিত পোশাক ভাতা প্রাপ্তির পর পুরুষ ও নারী প্রশিক্ষণার্থীগণ ড্রেস কমিটির মাধ্যমে একই রং ও ডিজাইনের শার্ট-প্যান্ট/সালোয়ার-কামিজ/স্যুট/শেরোয়ানী তৈরী করে অধিবেশনে পরিধান করবেন।

৫.৩.২ শরীরচর্চা ও খেলাধূলায় অংশগ্রহণের জন্য পৃথক পোশাকের প্রয়োজন হবে। পুরুষ প্রশিক্ষণার্থীগণ সাদা ট্রাউজার, সাদা ট্র্যাক স্যুট ও কলারসহ সাদা টি-শার্ট এবং সাদা কেডস ও সাদা মোজা ব্যবহার করবেন। নারী প্রশিক্ষণার্থীগণ সাদা সালোয়ার-কামিজ ও সাদা ওড়না/স্কার্ফ (কিংবা সাদা ট্র্যাক স্যুট) এবং সাদা কেড্‌স ও সাদা মোজা ব্যবহার করবেন। কেড্‌স কেনার সময় আপনি অবশ্যই শরীরচর্চা ও খেলাধূলার জন্য যথেষ্ট উপযোগী ও আরামদায়ক কিনা তা ভালভাবে যাচাই করে নেবেন। প্রশিক্ষণের প্রথম দিন থেকেই উল্লিখিত পোশাকাদি প্রয়োজন বিধায় এগুলো আগে থেকেই সংগ্রহ করে সাথে আনতে হবে।

৫.৩.৩ প্রশিক্ষণ চলাকালে কোন প্রকার ছুটি প্রদানের বিধান নেই। তাই আপনার বেতন-ভাতা আহরণের সুবিধার্থে কর্মস্থল ত্যাগের পূর্বেই বেতন-ভাতা বিল স্বাক্ষর করে কর্মস্থলে জমা দিয়ে আসবেন।

৫.৩.৪ একাডেমীতে অবস্থানকালে কোর্স নির্ধারিত দৈনিক ভাতা প্রদান করা হবে যা দৈনিক আহার ও এ সংক্রান্ত অন্যান্য ব্যয় নির্বাহের জন্য মেস্ কমিটির মাধ্যমে ব্যয়িত হবে।

৬.০ বুনিয়াদি প্রশিক্ষণ একটি অত্যন্ত পরিশ্রমসাধ্য ও নিবিড় কোর্স। সে কারণে, সন্তানসম্ভবা নারী কর্মকর্তা এবং ১ (এক) বছরের কম বয়সী সন্তান রয়েছে এমন নারী কর্মকর্তাগণকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সাথে যোগাযোগ করে পরবর্তীতে সুবিধাজনক সময়ে প্রশিক্ষণে অংশগ্রহণের পরামর্শ দেয়া হলো।

৭.০ নারী প্রশিক্ষণার্থীগণ ০১-০৩ বছর বয়সী শিশুসহ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রতিমাসের সিট ভাড়া ও অন্যান্য ইউটিলিটি খরচ বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা হিসেবে প্রদান সাপেক্ষে ডরমিটরিতে অবস্থান করতে পারবেন। আরডিএতে একটি শিশু বিকাশ কেন্দ্র (Day Care Centre) রয়েছে, যেখানে নারী প্রশিক্ষণার্থীবৃন্দকে শিশু বিকাশ কেন্দ্রে (Day Care Centre) শিশুকে রাখার ব্যাপারে উৎসাহিত করা হচ্ছে। পূর্ব প্রস্তুতির জন্য এ বিষয়টি কোর্সে যোগদানের পূর্বেই আরডিএ শিশু বিকাশ কেন্দ্রের ইনচার্জ আন্দালীব মাহেজাবীন, সহকারী পরিচালককে ফোনে (ফোন নং-০১৭১৭৭৪৩৪৬২) নিশ্চিত করতে হবে।

৮.০ আপনি জেনে আনন্দিত হবেন যে, ইন্টারনেট ব্রাউজিং এর জন্য আরডিএতে WiFi সুবিধা রয়েছে। তথ্য প্রযুক্তির ও আধুনিক সুবিধা ব্যবহারের জন্য আপনাকে ব্যক্তিগত ল্যাপটপ সাথে আনতে হবে। ব্যক্তিগত ল্যাপটপ সাথে না থাকলে কোর্সের বিভিন্ন এ্যাসাইনমেন্ট ও হোম ওয়ার্ক যথাসময়ে সম্পাদন করতে পারবেন না। আরডিএ Laptop প্রদানের বা Laptop রক্ষণাবেক্ষণের কোন প্রকার নিশ্চয়তা প্রদান করে না।

৯.০ আরো কিছু জরুরী বিষয়ে বিশেষভাবে আপনার মনোযোগ আকর্ষণ করছি-

- আপনাকে নিজস্ব ব্যবস্থাপনায় **১৪ এপ্রিল, ২০১৯ তারিখ রবিবার সন্ধ্যা ০৬ঃ০০ টার মধ্যে** অবশ্যই আরডিএ'তে যোগদান করে আপনার জন্য নির্ধারিত ডরমিটরি কক্ষের চাবি বুঝে নিতে হবে।
- **১৪ এপ্রিল, ২০১৯ তারিখ রবিবার সন্ধ্যা ৭ঃ৩০ মিনিটে সম্মেলন কক্ষ-০৫ (অনুষদ ভবন- ০২ এর দ্বিতীয় তলা)** এ কোর্স পরিচিতি অধিবেশনে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- প্রয়োজনীয় পোশাক, ঔষধপত্র, ল্যাপটপ, চশমা ও অন্যান্য নিত্যব্যবহার্য সামগ্রী অবশ্যই সাথে আনবেন।
- আশা করছি, প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত আরডিএ'র সবুজ চত্বরে মনোরম পরিবেশে অনুষদ সদস্য, সতীর্থ ও বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের সান্নিধ্যে আপনার সময় আনন্দেই কাটবে।

১০.০ কোর্সে যোগদানের পূর্বে যে কোন তথ্য সহায়তার জন্য নিচের সেলফোনের যে কোন নম্বরে অথবা নিচের ই-মেইলে যোগাযোগ করা যেতে পারেঃ

জনাব মোঃ **আসাদুজ্জামান, উপ-পরিচালক ও কোর্স সমন্বয়ক** **সেল ফোন- ০১৭১৬২৫১২৫৬**
জনাব মোঃ আল মামুন, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক **সেল ফোন- ০১৭২২৯৩৬০৫৬**
ই-মেইল ঃ mamunrda@gmail.com

১১.০ পরিশেষে, আরডিএতে আপনার নিরাপদ উপস্থিতি এবং সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি।

৪/৪/১৯

(মোহাম্মদ মুনসুর রহমান, *পিএইচডি*)
কোর্স পরিচালক

প্রাপক ঃ সকল মনোনীত কর্মকর্তা
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স।